

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৭৯৫

জিরানীয়া, ১৩ নভেম্বর, ২০২৪

জিরানীয়া মহকুমায় ৭৮ জন মৎস্যচাষিকে কনি জাল

জিরানীয়া মহকুমায় চলতি অর্থবছরে মৎস্য দপ্তরের পরিকল্পনায় ৭৮ জন মৎস্যচাষিকে কনি জাল দেওয়া হয়েছে। এই কর্মসূচিতে মহকুমার পুরাতন আগরতলা ব্লকের ১৫ জন, জিরানীয়া ব্লকের ১৬ জন, বেলবাড়ি ব্লকের ১৫ জন, মান্দাই ব্লকের ২২ জন এবং জিরানীয়া নগর পঞ্চায়েত ও রাণীরবাজার পুরপরিষদ এলাকায় ৫ জন করে মৎস্যচাষি উপকৃত হয়েছেন। এজন্য ব্যয় হয়েছে ১ লক্ষ ৯৫ হাজার টাকা। জিরানীয়া মৎস্য তত্ত্বাবধায়ক কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*